# শোক-সহায়তা: সবার জন্য একে আরও ন্যায্য করে

গুরুত্বপূর্ণ কোনো মানুষের মৃত্যু হলে সবারই সহায়তার প্রয়োজন হয়। কিন্তু অনেকেই, বিশেষ করে বিভিন্ন জাতিগত সম্প্রদায় থেকে আসা মানুষরা, শোক-সহায়তা পরিষেবা থেকে তাদের প্রাপ্য সহায়তা পান না। আমাদের গবেষণায় খতিয়ে দেখা হয়েছে, কীভাবে নিশ্চিত করা যায় যে, মানুষ যেই হোন না কেন বা যেখান থেকেই আসুন না কেন, সবাই যেন মানসম্মত পরিষেবা পান।

## আমাদের জাতীয় গবেষণার মূল বিষয়

- আমরা ১৩টি ভিন্ন জাতিগোষ্ঠীর ১২০ জন ব্যক্তি, যারা তাদের প্রিয়জনকে হারিয়েছেন এবং শোক-সহায়তা পরিষেবায় নিয়োজিত ২০ জনেরও বেশি পেশাদার কর্মীর সাথে কথা বলেছি।
- আমরা কমিউনিটি গবেষকদের সাথে কাজ করেছি, যারা তাদের ভাষা, সংস্কৃতি এবং অভিজ্ঞতা আমাদের সাথে শেয়ার করেছেন।

আমরা দেখেছি যে:

- **বিশ্বাস ভেঙেছে:** অনেক মানুষ অতীতে বর্ণবাদের শিকার হয়েছেন। এর ফলে, যখন তারা পরিষেবাগুলো থেকে সাহায্য চাইতে যান, তখন নিজেদের অনিরাপদ বা অবাঞ্ছিত মনে করেন।
- **সংস্কৃতি এবং ধর্মীয় বিষয়:** প্রার্থনা, খাবার ভাগ করে নেওয়া এবং শেষকৃত্যে কমিউনিটির সহায়তার মতো ঐতিহ্য মানুষকে সান্ত্বনা দেয়। কিন্তু কখনও কখনও মানুষ 'শক্ত থাকার' বা নিজেদের দুঃখ লুকিয়ে রাখার মানসিক চাপ অনুভব করেন।
- **কিছু মানুষ আরও বেশি চ্যালেঞ্জের মুখোমুখি হন:** যুক্তরাজ্যে নতুন আসা মানুষের জন্য ভাষাগত বাধা এবং স্থানীয় সহায়তার অভাবে শোক আরও কঠিন হয়ে উঠতে পারে।
- **পরিষেবাগুলোর সহায়তা প্রয়োজন:** শোক-সহায়তা পরিষেবাগুলো সাহায্য করতে চায়, কিন্তু কাজটি ভালোভাবে করার জন্য অনেকেরই বৈচিত্র্যময় কর্মী, পর্যাপ্ত সম্পদ, সাংস্কৃতিক সচেতনতা বা নিরবচ্ছিন্ন অর্থায়নের অভাব রয়েছে।

*“এই ধরনের পরিষেবা কার্যকর করার পথ খুঁজে পাওয়ার আগেই আপনাকে বর্ণবাদ নির্মূল করতে হবে।”*

*“আমার মনে হয়....শোকের এই ধারণাটাই যেন এখানে নেই। এটা কেবল চাপা পড়ে যায়।”*

*“এই শোক- সহায়তা পরিষেবাগুলো কি আদৌ আছে? তাহলেই তো উত্তর পেয়ে গেলেন। এ সম্পর্কে কেউই জানে না।”*

## সহায়তা কীভাবে উন্নত করা যায়

আমরা পরিবার, কমিউনিটি নেতা, পরিষেবা প্রদানকারী এবং সিদ্ধান্তগ্রহণকারীদের সাথে কাজ করে কিছু সমাধানের প্রস্তাব

1. **বর্ণবাদের বিরুদ্ধে পদক্ষেপ নিন:** শোক-সহায়তা পরিষেবাগুলোকে স্বীকার করতে হবে যে বর্ণবাদ রয়েছে এবং সবার জন্য তাদের পরিবেশকে নিরাপদ ও স্বাগতপূর্ণ করে তুলতে আন্তরিকভাবে কাজ করতে হবে।
2. **কমিউনিটি-চালিত সহায়তা:** কমিউনিটি গোষ্ঠীগুলোকে স্থানীয় মানুষের সাথে মিলিয়ে সহায়তা পরিষেবা গড়ে তুলতে সাহায্য করুন, যাতে সেই সহায়তা প্রকৃত অর্থেই তাদের জীবনের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।
3. **উন্নত অর্থায়ন:** ছোট, কমিউনিটি-চালিত গোষ্ঠীগুলোর কার্যক্রম চালিয়ে যেতে নির্ভরযোগ্য অর্থায়ন প্রয়োজন।




**আমাদের ফিল্মটি দেখতে কোড স্ক্যান করুন অথবা আমাদের ওয়েবসাইটে যান:**

**www.kcl.ac.uk/research/equitable-bereavement-care-for-all**

ইকুইটেবল বিরিভমেন্ট কেয়ার ফর অল (Equitable Bereavement Care for All) প্রকল্প সম্পর্কে আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:
Dr Sabrina Bajwah (sabrina.bajwah@kcl.ac.uk) ও Dr Catriona Mayland (c.r.mayland@sheffield.ac.uk)

King's College London · University of Sheffield · LOROS · University of Hull · Cardiff University / Prifysgol Caerdydd · University of Bedfordshire · University of Bristol · FUNDED BY NIHR National Institute for Health and Care Research